বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,
০২২২৩৩-৫৮৬৮১
ই-মেইলঃ dgmpid@krishibank.org.bd

পত্র নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২৩-২০২৪/ ৭২ (১১৫০) তারিখঃ ১৬/০৭/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিতকরণ ও যথাযথভাবে রিপোর্টিং নিশ্চিতকরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের এসএফডি সার্কুলার নং-০১, তারিখঃ ১১/০১/২০২১ ও এসএফডি সার্কুলার লেটার নং-০৩, তারিখঃ ০৪/০৮/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লেখিত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের নির্দেশনা অনুসারে অত্র ব্যাংকের বিতরণকৃত মোট মেয়াদী ঋণের (কর্মচারী ঋণ ব্যতীত) ৫% পরিবেশবান্ধব অর্থায়ন (গ্রিন ব্যাংকিং) খাতে ঋণ বিতরণের বাধ্যবাধকতা রয়েছে। তবে, ২০২৩ পঞ্জিকাবর্ষে (জানুয়ারী-ডিসেম্বর) গ্রিন ব্যাংকিং খাতে অত্র ব্যাংকের বার্ষিক নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে মাঠ কার্যালয়সমূহের অর্জন খুবই নগন্য। বিগত ১৯/০৬/২০২৩ তারিখ অনুষ্ঠিত সাসটেইনেবল ফাইন্যান্স কমিটির ১৭তম সভায় গ্রিন ব্যাংকিং খাতে ময়মনসিংহ বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগীয় কার্যালয়সমূহ ঋণ বিতরণ করতে না পারায় গভীর অসন্তোষ প্রকাশ করা হয়। এ প্রেক্ষিতে বিভাগীয় মহাব্যবস্থাপকগণ/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিতকরণের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও মাঠ কার্যালয় হতে গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণ সংক্রান্ত তথ্যাদি সংগ্রহপূর্বক বাংলাদেশ ব্যাংকে যথাযথভাবে রিপোর্টিং এর জন্য উক্ত সভায় নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, গ্রিন ব্যাংকিং খাতে ৬৮টি পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিতকরণের পাশাপাশি গ্রিন ব্যাংকিং খাতে বিতরণকৃত ঋণের তথ্যাদি/বিবরণীসমূহ নির্ভুলভাবে যথাসময়ে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো। এক্ষেত্রে বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
২৬/০৭/২০২৩
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

সংযুক্তিঃ বর্ণনামতে।

পত্র নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২৩-২০২৪/ ৭২ (১১৫০) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। নথি/মহানথি।

২৬/০৭/২০২৩
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

CamScanner

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

এসএফডি সার্কুলার নং: ০১

তারিখ: জানুয়ারি ১১, ২০২১
পৌষ ২৭, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।**

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত এসএফডি সার্কুলার নং- ০৫/২০২০ তারিখ: ডিসেম্বর ৩০, ২০২০ এবং এসএফডি সার্কুলার লেটার নং- ০৫/২০২০ তারিখ: সেপ্টেম্বর ০৯, ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

(ক) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বছরের প্রারম্ভে পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়নের (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) বার্ষিক লক্ষ্যমাত্রা যথাক্রমে অন্যূন ২% এবং ১৫% নির্ধারণ করতে হবে। উক্ত হারসমূহ পূর্ববর্তী বছরের ডিসেম্বর ৩১ ভিত্তিক নীট বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতির (মোট বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতি থেকে কর্মচারী ঋণ ও মোট শ্রেণিকৃত ঋণ বাদ দিয়ে) ভিত্তিতে নির্ণীত হবে। উল্লেখ্য, নির্দেশিত লক্ষ্যমাত্রা এ বিভাগকে প্রতি বছর জানুয়ারি মাসের শেষ কর্মদিবসের মধ্যে অবহিত করতে হবে।

(খ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিবেশ বান্ধব অর্থায়নের অর্জনের হার তাদের বিতরণকৃত মোট মেয়াদী ঋণ/বিনিয়োগ (কর্মচারী ঋণ ব্যতিত) এর ভিত্তিতে বিবেচিত হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানওয়ারী এ হার অন্যূন ৫% অর্জন নিশ্চিত করতে হবে।

(গ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের টেকসই অর্থায়নের (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) অর্জনের হার তাদের বিতরণকৃত মোট ঋণ/বিনিয়োগ (কর্মচারী ঋণ ব্যতিত) এর ভিত্তিতে বিবেচিত হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানওয়ারী এ হার অন্যূন ২০% অর্জন নিশ্চিত করতে হবে।

(ঘ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ পরিবেশ বান্ধব ও টেকসই পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়নের মাধ্যমে বার্ষিক কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরী ভূমিকা রাখবে।

(ঙ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের গ্রিন ব্যাংকিং ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) কার্যক্রমের অর্জন তাদের CAMELS Rating এবং Sustainability Rating of Banks and Financial Institutions এর মূল্যায়নে বিবেচিত হবে।

৩। পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) ত্বরান্বিত করার লক্ষ্যে সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের Potential অফিস/শাখাসমূহে Dedicated Sustainable Finance Help Desk স্থাপন এবং প্রধান কার্যালয়ের 'সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট' এর কর্মপরিধির আলোকে উক্ত Help Desk এর কর্মকান্ড পরিচালনা করবে।

৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ'ল যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৩২০
E-mail: morshed.millat@bb.org.bd
gm.sfd@bb.org.bd

CamScanner

Website: www.bb.org.bd

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

২০ শ্রাবণ ১৪২৮

এসএফডি সার্কুলার লেটার নং: ০৩ তারিখ: ---------------------------

০৪ আগস্ট ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) এর লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।**

এসএফডি সার্কুলার নং- ০১/২০২১, তারিখ: ১১ জানুয়ারি ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের মাধ্যমে পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়নের বার্ষিক লক্ষ্যমাত্রা পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক নীট বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতির (মোট বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতি থেকে কর্মচারী ঋণ ও মোট শ্রেণিকৃত ঋণ বাদ দিয়ে) ভিত্তিতে নির্ধারণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২। এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়নের (পরিবেশবান্ধব অর্থায়নসহ) বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণের ভিত্তি পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতি থেকে কর্মচারী ঋণ, মোট শ্রেণিকৃত ঋণ এবং ক্রেডিট কার্ড ঋণ বাদ দিয়ে নির্ণীত হবে।

৩। এতদ্ব্যতীত এসএফডি সার্কুলার নং- ০১/২০২১ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী বলবৎ থাকবে।

৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩২০
E-mail: morshed.millat@bb.org.bd
gm.sfd@bb.org.bd

CS CamScanner